

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নংঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.৬৭.০০২.১৮

তারিখঃ ২২/০২/২০১৮ খ্রিঃ।

-ঃ নিয়োগ বিজ্ঞপ্তিঃ-

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার নবগঠিত ০৩ (তিন) টি ইউনিয়ন পরিষদে ইউনিয়ন পরিষদ বিধিমালা-১৯৬৮ এর নিয়োগ পদ্ধতি ৪ এর বিধি ৩ এর উপবিধি (ক) মোতাবেক নিম্ন বর্ণিত নবগঠিত ইউনিয়ন পরিষদ সমূহে মহল্লাদার (গ্রামপুলিশ) পদে নিম্ন প্রদত্ত শর্ত স্বাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। অস্থায়ী প্রার্থীদের আগামী ১১/৩/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস চলাকালীন সময়ে আবেদন পত্র সংশ্লিষ্ট অফিসে জমা প্রদান করা যাবে।

ক্রঃনং	ইউনিয়নের নাম	পদের নাম	পদের সংখ্যা	মন্তব্য
০১।	উথলী ইউনিয়ন পরিষদ	মহল্লাদার (গ্রামপুলিম)	০৮ টি	
০২।	কেডিকে ইউনিয়ন পরিষদ	ঐ	০৯ টি	
০৩।	মনোহরপুর ইউনিয়ন পরিষদ	ঐ	০৭ টি	
০৪।	সীমান্ত ইউনিয়ন পরিষদ	ঐ	০১ টি	
মোট-			২৫ টি	

-ঃ শর্তসমূহঃ-

- ১। (ক) আবেদনকারীর নামঃ- (খ) পিতার নামঃ- (গ) মাতার নামঃ- (ঘ) স্থায়ী ঠিকানাঃ- (ঙ) বর্তমান ঠিকানাঃ- (চ) জন্ম তারিখঃ- (ছ) বয়সঃ- (১১/৩/২০১৮ পর্যন্ত) (জ) জাতীয়তাঃ- (ঝ) ধর্মঃ- (ঞ) শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি উল্লেখ পূর্বক স্ব-হস্তে লিখিত আবেদন পত্র জমা দিতে হবে।
- ২। গ্রাম পুলিশ পদে শিক্ষাগত যোগ্যতা -৮ম শ্রেণী/জেএসসি/সমমানের পাশ হতে হবে।
- ৩। প্রার্থীকে ৫-৪" ইঞ্চি উচ্চতা সম্পন্ন হতে হবে। বৃকের মাপ ৩৪ ইঞ্চি হতে হবে এবং শারীরিক যোগ্যতা সম্পূর্ণ হতে হবে।
- ৪। প্রার্থীর বয়স ২০-৩০ বছরের মধ্যে হতে হবে (১১/৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত)।
- ৫। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের স্ব স্ব ওয়ার্ডের প্রার্থী হতে হবে।
- ৬। আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি গ্রাম পুলিশ নিয়োগ বাছাই কমিটি জীবননগর, চুয়াডাঙ্গা বরাবর করতে হবে।
- ৭। সংশ্লিষ্ট ওয়ার্ডের কোন আবেদন না পাওয়া গেলে পার্শ্ববর্তী ওয়ার্ডের গ্রাম পুলিশ নিয়োগ দেয়া হবে।
- ৮। সরকারী বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে। উপযুক্ত প্রমাণ স্বাপেক্ষ।
- ৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। গ্রাম পুলিশ প্রার্থীকে ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা, আবেদনের সাথে জমা দিতে হবে।
- ১১। আবেদনকারীকে আবেদনের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- ১২। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিক সনদ দাখিল করতে হবে।
- ১৩। ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ১৪। শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ১৫। মুক্তিযোদ্ধা/উপজাতি/প্রতিবন্ধী কেটায় আবেদনকারীগণ সনদ পত্রের কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ১৬। নিয়োগ প্রাপ্ত প্রার্থীগণ সরকারী বিধি মোতাবেক বেতন/ভাতা প্রাপ্তি হবেন।
- ১৭। নিয়োগ ও বাতিলের এখতিয়ার কর্তৃপক্ষের।

(মোঃ সেলিম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি
জীবননগর, চুয়াডাঙ্গা।

unojibannagar@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার শাখা, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও জ্ঞাতার্থেঃ-

- ৩। চেয়ারম্যান, উথলী, কেডিকে, মনোহরপুর ও সীমান্ত ইউনিয়ন পরিষদ ও সদস্য গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি।